

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ  
প্রবিধি অনুবিভাগ  
প্রবিধি শাখা-১  
[www.mof.gov.bd](http://www.mof.gov.bd)

নং-০৭.০০.০০০০.১৭১.১৩.০০৫.১৬-০৬

০৯-০১-২০১৭ খ্রিস্টাব্দ  
তারিখ:-----  
২৬-০৯-১৪২৩ বঙ্গাব্দ

প্রজ্ঞাপন

সরকার পেনশনারগণের (বেসামরিক/সামরিক) আর্থিক এবং সামাজিক সুরক্ষা নিশ্চিত করার স্বার্থে নিম্নরূপ বিধান প্রবর্তন করিলঃ

- (ক) সরকারি কর্মচারীগণের (বেসামরিক/সামরিক) গ্রস পেনশনের শতকরা ১০০ ভাগ সমর্পণের সুবিধা বাতিল করিয়া শতকরা ৫০ ভাগ বাধ্যতামূলক সমর্পণ এবং অবশিষ্ট শতকরা ৫০ ভাগের জন্য নির্ধারিত হারে মাসিক পেনশন গ্রহণের বিধান প্রবর্তন করা হইল। এই বিধান ০১ জুলাই ২০১৭ খ্রিঃ তারিখ হইতে কার্যকর হইবে।
- [ব্যাখ্যাঃ ৩০ জুন, ২০১৭ খ্রিঃ তারিখ বা তাহার পর যাহাদের অবসর-উত্তর ছুটি শেষ হইবে তাহারা এই সুবিধার আওতায় আসিবেন।]
- (খ) পেনশনারগণ/পারিবারিক পেনশনারগণ মাসিক পেনশনের উপর ৫% হারে বার্ষিক ইনক্রিমেন্ট প্রাপ্য হইবেন যাহা ০১লা জুলাই ২০১৭ খ্রিঃ তারিখ হইতে কার্যকর হইবে।
- ২। অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত বেসামরিক সরকারি চাকুরেদের পেনশন মঞ্জুরি ও পরিশোধ সংক্রান্ত বিধি/পদ্ধতি অধিকতর সহজীকরণ বিষয়ক স্মারক নং-অম/অবি/বিধি/পেনশন/৩-পি-২৬/৯৪/১৭ তারিখঃ ০১-০৬-১৯৯৪ খ্রিঃ এর 'পেনশন সমর্পণ' সংক্রান্ত ২.১৩ নং অনুচ্ছেদটি ০১-০৭-২০১৭ খ্রিঃ তারিখ হইতে বাতিল বলিয়া গণ্য হইবে।
- ৩। প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক ০৪-১২-২০০৩ খ্রিঃ তারিখে জারীকৃত সশস্ত্র বাহিনীর সদস্যদের শতভাগ পেনশন কম্যুটেশন সুবিধা প্রদান সংক্রান্ত প্রম/ডি-১৯/১পেন-৩/৯৭/অংশ-২/৩০৫ নং স্মারকটি এই প্রজ্ঞাপনের আলোকে সংশোধন করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাক্ষরিত  
(মোঃ মনির উদ্দিন)  
অতিরিক্ত সচিব  
ফোনঃ ৯৫৭৬৫৫৪

চলমান পাতা-২

০৯ -০১-২০১৭ খ্রিস্টাব্দ

নং-০৭.০০.০০০০.১৭১.১৩.০০৫.১৬-০৬

তারিখ:-----


২৬-০৯-১৪২৩ বঙ্গাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল, ঢাকা।  
-তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৩। গভর্নর বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।  
-তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৪। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব----- সকল মন্ত্রণালয়/বিভাগ।  
-তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৫। হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুন বাগিচা, ঢাকা।  
-তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৬। বিভাগীয় কমিশনার----- (সকল)।  
-তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৭। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (সিজিডিএফ) ১ম ১২ তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।  
-তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৮। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলওয়ে ভবন, ঢাকা।  
-তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৯। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক----- সকল বিভাগ।  
-তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ১০। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা ----- (সকল)।  
-তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ১১। মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।-বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ।
- ১২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইটি সেল, অর্থ বিভাগ----- প্রজ্ঞাপনটি অর্থ বিভাগের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

সদয় অবগতির জন্য:

- ১৩। অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৪। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৬। অতিরিক্ত সচিব-এর ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ----- (সকল)।
- ১৭। গার্ড ফাইল।

  
 ০৯/০১/২০১৭  
 (মোঃ সিরাজুল ইসলাম)  
 সহকারী সচিব  
 ফোনঃ ৯৫৪০১৮১